

ভাসান

আমাকে কাঁদিয়ে রেখে  
এখন সে নিজেই কাঁদে  
কি করে শাসনে রাখি চোখের পাত

বাঁধন ছিঁড়েছে কবে  
বাকি শুধু পড়ে আছে মায়া  
তাও বুঝি মুছে যায় অশ্রু প্রপাতে

বারণ করেছি কত  
বুঝেও বোঝেনি - এমনি জেদি - একরোখা  
পাছে যদি বুঝে ফেলে ভয়  
কাছে টেনে বলি তাকে-  
দশমীর আগে যেন যাস না ভাসানে

দুলাল ঘোষ

